

অর্থ বিভাগের বিভিন্ন অনুবিভাগ ও সংস্থার কার্যাবলীঃ প্রবিধি অনুবিভাগ

প্রবিধি অনুবিভাগের সম্পাদিত কার্যাবলীর মধ্যে রয়েছে সরকারি অফিসের কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন ভাতা নির্ধারণ/পুনর্বিবেচনা করা। ২০১৮-১৯ অর্থ বছরে এ অনুবিভাগের বিভিন্ন শাখায় সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নরূপঃ

সম্মানী ভাতা প্রদান:

- সম্মানী ভাতা প্রদানে ঘটনাত্তোর অনুমতি প্রদান;
- ২০১৮-১৯ অর্থবছরের সকল মন্ত্রণালয়/বিভাগের মধ্যমেয়াদী বাজেট কাঠামো প্রণয়নের সাথে সম্পৃক্ত উপসচিব এবং তদনিন্ম কর্মচারীদের মূলবেতনের সমপরিমাণ সম্মানী প্রদান;
- দেশের বাইরে বিভিন্ন জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে বাংলাদেশের চলচ্চিত্র অংশগ্রহনের বিষয়ে এবং চলচ্চিত্র আমদানি ও রপ্তানি বিষয়ে সুপারিশ প্রদানের জন্য গঠিত কমিটির সদস্যদের সম্মানী প্রদান;
- দেওয়ানী আদালতের অবকাশকালীন ছুটি ভোগের পরিবর্তে অবকাশকালীন জজ হিসেবে দায়িত্ব পালনের জন্য সম্মানী প্রদান;
- নিয়োগ পরীক্ষার সাথে সংশ্লিষ্ট কাজের জন্য পারিশ্রমিক প্রদান;
- শুদ্ধাচার পুরস্কারের জন্য নির্বাচিত কর্মচারীগণকে এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সম্মানী হিসেবে প্রদানে অর্থ বিভাগের অনাপত্তি জ্ঞাপন;
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে গঠিত বিভিন্ন কমিটি/উপ-কমিটির সভায় অংশগ্রহণকারী সদস্যগণকে সম্মানী প্রদান;
- মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর-এর কর্মচারীদের অনুকূলে আকস্মিক, কঠোর শ্রমসাধ্য বা কৃতিত্বপূর্ণ কাজের জন্য সম্মানী মঞ্জুরি;
- পুলিশ বিভাগে কর্মরত পুলিশ ইন্সপেক্টরগণের দেশের সার্বিক আইন শৃঙ্খলা রক্ষা ও জনগণের নিরাপত্তা বিধানে কর্মক্ষেত্রে ঝুঁকির বিষয়টি বিবেচনাপূর্বক "ঝুঁকিতাতার" পরিবর্তে "বিশেষভাতা " প্রদানে সম্মতি;
- পররাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন ফরেন সার্ভিস একাডেমীতে কর্মরত বিসিএস (পররাষ্ট্র বিষয়ক) ক্যাডারের কর্মকর্তাগণের অনুকূলে মাসিক বেতনের ৩০% হারে প্রশিক্ষণ ভাতা প্রদানে সম্মতি জ্ঞাপন; এবং
- ১০ম জাতীয় সংসদের ২১তম অধিবেশন (বাজেট) উপলক্ষে শ্রমসাধ্য কাজ সম্পাদনের জন্য সম্মানী প্রদান।

সম্মানী ভাতার হার নির্ধারণ ও পুনঃনির্ধারণ:

- শতভাগ পেনশন সমর্পণকারী সরকারি কর্মচারীগণের উৎসব ভাতা বার্ষিক ৫% হারে বর্ধিতকরণ সংক্রান্ত পরিপত্র জারি;
- বাংলাদেশ ফিল্ম আর্কাইভ-এর চলচ্চিত্র বিষয়ক গবেষকের সম্মানী হার পুনঃনির্ধারণ;

বার্ষিক প্রতিবেদন ২০১৮-১৯

- কারাবন্দিদের ধর্মীয় শিক্ষা প্রদানের জন্য নিয়োজিত ধর্মীয় উপদেষ্টাগণের সম্মানী পুনঃনির্ধারণ;
- ঢাকা মহানগরীর পাইকারী ও খুচরা বাজার মনিটরিং এর জন্য গঠিত কমিটির সদস্যদের সম্মানী নির্ধারণ;
- জাতীয় অধ্যাপকের সম্মানী পুনঃনির্ধারণ;
- সেমিনার/ওয়ার্কশপ বাস্তবায়নের নিমিত্ত সম্মানীর হার নির্ধারণে সম্মতি জ্ঞাপন;
- পূর্ণদৈর্ঘ্য ও স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটি, অনুদান বাছাই কমিটি এবং অনুদান উপ-কমিটির সদস্যদের সম্মানী পুনঃনির্ধারণ;
- তথ্য অধিদপ্তরের প্রেস অ্যাক্রিডিটেশন কমিটির সদস্যদের সম্মানী হার নির্ধারণ;
- মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরে নিয়োগ/পদোন্নতি সংশ্লিষ্ট কাজের সম্মানী/পারিতোষিক হার পুনঃনির্ধারণ;
- যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন সরকারি শারিরিক শিক্ষা কলেজে খন্ডকালীন চিকিৎসকদের মাসিক সম্মানী পুনঃনির্ধারণ;
- মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত বিশেষজ্ঞ পুলের সদস্যদের সম্মানী হার পুনঃনির্ধারণ;
- বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (বিএমটিটিআই) কর্তৃক পরিচালিত মাদ্রাসা শিক্ষকদের বিষয়কভিত্তিক প্রশিক্ষণ কোর্সসমূহের সম্মানী/ভাতা/অন্যান্য ব্যয় হার পুনঃনির্ধারণ;
- কোর্ট অব সেটেলমেন্টের বিজ্ঞ আইনজীবীদের ফি হার নির্ধারণ/পুনঃনির্ধারণ; এবং
- স্বাধীনতা-উত্তর দেশের অভ্যন্তরে পার্বত্য চট্টগ্রামসহ বিভিন্ন এলাকায় অপারেশনে খেতাবপ্রাপ্ত সেনাসদস্যদের ভাতা-বৃদ্ধিকরণ।

অন্যান্য কার্যাবলী

- মাসিক নিট পেনশনপ্রাপ্ত অবসরভোগী ও আজীবন পারিবারিক পেনশনভোগীগণের বয়স ৬৫ বছর ০১ দিন পূর্তিতে নিট পেনশন ৫০% বৃদ্ধি এবং মাসিক চিকিৎসা ভাতা ২,৫০০/- টাকা হারে পরিশোধের অপশন অনলাইনে (iBAS++ এ) অন্তর্ভুক্তকরণ;
- অবসরগামী কর্মচারীর কর্মকালীন কোন মেয়াদের হিসাব নিরীক্ষা সম্পন্ন না হওয়ার কারণে পেনশন মঞ্জুরি না করা অথবা পেনশন মঞ্জুরিতে বিলম্ব/অপেক্ষা করার মত অনভিপ্রেত ও বিধিবিহীন প্রবণতা থেকে বিরত থাকার জন্য পেনশন মঞ্জুরকারী সকল কর্তৃপক্ষকে অনুরোধ করে পরিপত্র জারি;
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/ অধীনস্থ অধিদপ্তরের কর্মচারীগণের চাকরিকাল গণনা ও বেতন সংরক্ষন সংক্রান্ত;
- “প্রাধিকারপ্রাপ্ত সশস্ত্র বাহিনীর কর্মকর্তাদের সুদ মুক্ত বিশেষ অগ্রিম এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা, ২০১৯” প্রণয়ন বিষয়ে সম্মতি জ্ঞাপন;
- অবসরোত্তর ছুটিকালীন (পিআরএল) প্রাধিকার প্রাপ্ত সরকারি কর্মচারীগণকে পরিবহন পুল থেকে গাড়ি সুবিধা প্রদানে সম্মতি জ্ঞাপন;
- ইন্টারনেটসহ মাসিক আবাসিক টেলিফোনের নগদায়ন ভাতা উত্তোলনে সম্মতি প্রদান;
- দুর্নীতি দমন কমিশনের ১০ম গ্রেড এবং তদনিন্ম পর্যায়ের কর্মচারীদের অনুকূলে সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে রেশন সামগ্রী প্রদানে সম্মতি জ্ঞাপন;
- বাংলাদেশ সেনাবাহিনীর স্টেশন সদর দপ্তরসমূহে স্টেশন স্টাফ অফিসার হিসেবে কমান্ড/স্টাফ/চার্জ প্রশিক্ষক বেতন প্রদান সংক্রান্ত Pay & Allowance Regulation volume-1 এর বিধি -৩২/(সি) সংশোধন; এবং
- ইন এইড টু সিভিল পাওয়ার এর আওতায় মোতায়নকালীন সেনাসদস্যগণের দৈনিক ভাতা প্রদানের ক্ষেত্রে এসআর-৭৩ এর বিধান শিথিলকরণ।